

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/১১৭

তারিখ : ১৫ জুন, ২০২২

সম্মানিত সদস্য

বিজিএমইএ

বিষয়ঃ করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, সরকারের সর্বাত্মক প্রচেষ্টায় সমগ্র দেশব্যাপি ছড়িয়ে পড়া করোনা ভাইরাস নিয়ন্ত্রন করা সম্ভব হয়েছে। কিন্তু বর্তমানে দেশে করোনা ভাইরাসের সংক্রমন পুনরায় বৃদ্ধির লক্ষন পরিলক্ষিত হচ্ছে এবং দ্রুত এই ভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। উল্লেখ্য যে, আপনাদের সকলের সম্মিলিত প্রচেষ্টায় তৈরী পোশাক শিল্পে সংক্রমনের মাত্রা অতি সামান্য ছিল। সকল কারখানায় স্বাস্থ্য অধিদপ্তর, আইএলও এবং বিজিএমইএ প্রদত্ত স্বাস্থ্য সুরক্ষা গাইড লাইন এবং স্বাস্থ্য প্রটোকলসমূহ যথাযথ অনুসরণ করে সংক্রমন নিয়ন্ত্রনে রাখা সম্ভব হয়েছে। অতীতের অভিজ্ঞতা কাজে লাগিয়ে কোভিড-১৯ এর সংক্রমন নিয়ন্ত্রনে রাখা সম্ভব হবে। "সচেতনতাই করোনা ভাইরাস প্রতিরোধের প্রধান হাতিয়ার"।

স্বাস্থ্য সুরক্ষার কথা বিবেচনা করে নিম্নে উল্লেখিত নির্দেশনা মেনে চলার জন্য সকলকে বিনীতভাবে অনুরোধ করছিঃ

১। স্বাস্থ্যবিধি মেনে চলুন।

২। মাস্ক পড়ুন, নিরাপদে থাকুন।

৩। এখনও যারা টিকা/ভ্যাকসিন এর কোন ডোজ গ্রহন করেননি তারা অতি সত্তর টিকা/ভ্যাকসিন গ্রহন করুন।

৪। বুস্টার ডোজ গ্রহন না করে থাকলে অতি দ্রুত গ্রহন করুন।

৫। স্বাস্থ্য অধিদপ্তর, আইএলও এবং বিজিএমইএ প্রদত্ত নির্দেশনা ও স্বাস্থ্য প্রটোকলসমূহ কঠোরভাবে মেনে চলুন।

উক্ত বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ) মোবাইলঃ ০১৭১১৪২৩৯৯৫ ও হামিদুর রহমান, যুগ্ম সচিব, মোবাইলঃ ০১৯১৩৫২৯৮৭৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

করোনা ভাইরাসের বিস্তার রোধকল্পে উপরে বর্ণিত নির্দেশনাসমূহ আপনি ও আপনার পরিবার পরিজন এবং শ্রমিক-কর্মচারী ও তাদের পরিবার পরিজনকে কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

ফারুক হাসান

সভাপতি